# ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য অধ্যাপক ওবায়দুল ইসলাম



ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য এ বি এম ওবায়দুল ইসলাম। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য হিসেবে দায়িত্ব পেয়েছেন অধ্যাপক এ বি এম ওবায়দুল ইসলাম। সোমবার (১৬ মার্চ) সচিবালয়ে এক অনুষ্ঠানে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন এই নিয়োগের ঘোষণা দেন।

অধ্যাপক ওবায়দুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষক। এর আগে তিনি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। নতুন দায়িত্বে তিনি নিয়াজ আহমদ খানের স্থলাভিষিক্ত হলেন।

২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার আন্দোলনের পর আওয়ামী লীগ সরকারের পতন ঘটে। সেই সময় থেকে তৎকালীন উপাচার্য ড. এ এস এম মাকসুদ কামাল আর বিশ্ববিদ্যালয়ে ফেরেননি। পরবর্তীতে আগস্টের শেষদিকে নিয়াজ আহমদ খান উপাচার্যের দায়িত্ব নেন।

প্রায় দেড় বছর দায়িত্ব পালনের পর গত ২২ ফেব্রুয়ারি তিনি উপাচার্যের পদ থেকে অব্যাহতি চেয়ে রাষ্ট্রপতির কাছে আবেদন করেন। সেদিন বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের বিজ্ঞপ্তিতে জানানো হয়, শিক্ষামন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ শেষে তিনি উপাচার্যের দায়িত্ব থেকে সরে দাঁড়িয়ে নিজের মূল পদ—উন্নয়ন অধ্যয়ন বিভাগের গ্রেড–১ অধ্যাপক—হিসেবে ফিরে যেতে আবেদনপত্র জমা দিয়েছেন।

অধ্যাপক ওবায়দুল ইসলাম বর্তমানে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সংগঠন 'ইউনিভার্সিটি টিচার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ'-এর সভাপতি। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাদা দলের সাবেক আহ্বায়কও।